Downloaded From :http://cbseportal.com/

Series JBB/C

SET-4

Code No. 7/C

Roll No.

Candidates must write the Code on the title page of the answer-book.

| নোট | | NOTE | |
|---|---|---|---|
| (I) | পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে **11** ছাপা পৃষ্ঠা রয়েছে। | (I) | Please check that this question paper contains **11** printed pages. |
| (II) | প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে । উত্তরপুস্তিকার ওপর মুখ্য পাতার ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে । | (II) | Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate. |
| (III) | পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে **16** টি প্রশ্ন আছে । | (III) | Please check that this question paper contains **16** questions. |
| (IV) | উত্তর শুরু করার আগে উত্তরপুস্তিকার প্রশ্নর ক্রমিক নং (Serial Number) লিখতে হবে । | (IV) | Please write down the Serial Number of the question in the answer-book before attempting it. |
| (V) | প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে । 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে। 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে । এই সময়ে উত্তরপুস্তিকার কোন উত্তর লেখা চলবে না । | (V) | 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period. |

# বাংলা

# BENGALI

*সময় : 3 ঘন্টা* | *সর্বমোট অংক : 80*

*Time allowed : 3 hours* | *Maximum Marks : 80*



Downloaded From :http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From :http://cbseportal.com/

## SECTION A

## বোধ পরীক্ষণ

## (Reading Comprehension)

**1.** নীচের অনুচ্ছেদটি পাঠ করে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও। *1×5=5*

গৌরীকুন্ড থেকে আশ্রমে ফেরার পথেই ঝিরঝিরে বৃষ্টি শুরু। আশ্রমে পৌঁছোনোর পর বৃষ্টি নামল আরও জোরে। আশ্রম একটু উঁচু জায়গায়। দোতলা ও তিনতলার বারান্দা থেকে বেগবতী মন্দাকিনীকে পরিষ্কার দেখা যায়। আকাশ জুড়ে মেঘের ঘনঘটা। পার্থ মহারাজ চিন্তিত মুখে বললেন, 'আগামীকাল কেদারনাথ যেতে চাইছেন, কিন্তু যেরকম বৃষ্টি শুরু হল যেতে পারবেন কী ?' বললাম, 'সবই শ্রীকেদারনাথজির ইচ্ছা। তিনি চাইলে বৃষ্টি থামবে।' পার্থ মহারাজ বললেন, 'আপনি তো ডান্ডিতে যাবেন। 'ডান্ডি কাউন্টার' আশ্রম থেকে নেমে খানিকটা হাঁটলেই রাস্তার বাঁদিকে। ওখানে বিকেল ৪টে থেকে একটা খাতায় নাম লেখানো শুরু হয়। ঘন্টাখানেক ডান্ডি অফিস খোলা থাকে। যত তাড়াতাড়ি গিয়ে নাম লেখানো যাবে ডুলি পাওয়ার সম্ভাবনা তত বেশি। পরদিন ভোর ৪টায় ডান্ডি কাউন্টার খোলার পর ওই খাতা দেখে নাম ডাকা শুরু হবে। নামের ক্রমানুসারে ডুলির বুকিং হবে। এখন তো প্রচন্ড ভিড়। মোটামুটি একশজনের মধ্যে নাম থাকলে আপনার ডুলি-ভাগ্য নিশ্চিত।

(a) বক্তা কোন স্থান থেকে আশ্রমে পৌঁছলেন ?

(b) মন্দাকিনীকে কোথা থেকে দেখা যায় ?

(c) বক্তার কেদারনাথ যাত্রা সম্পর্কে কে সংশয় প্রকাশ করলেন ?

(d) ডুলির বুকিং কীভাবে হয় ?

(e) জটিল বাক্যে পরিণত করো ঃ আশ্রমে পৌঁছোনোর পর বৃষ্টি নামল আরও জোরে।


Downloaded From :http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

2. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও । *1×5=5*

দেওঘর ভ্রমণের পর যে ভ্রমণ সুযোগ ঘটেছিল তাকে স্বেচ্ছা ভ্রমণ বলা চলে না । জাপানি বোমা পড়েছিল আমাদের হাওড়ায় এবং সে নিয়ে প্রবল উত্তেজনা । আমাদের পাড়ার কেউ কেউ কাচকলে চলে গিয়েছিল সরেজমিনে তদন্ত করতে এবং খোঁজ করতে এত জায়গা থাকতে কাচকলের ওপরেই জেনারেল তোজোর নজর কেন ? কলকাতায় তখন প্যানিক শুরু হয়ে গিয়েছে, জাপানিদের হাত থেকে বাঁচতে গেলে কলকাতা ছেড়ে দূরে কোথাও পালিয়ে যাওয়া ছাড়া নান্য পন্থা বিদ্যায়তম্ । যাঁদের যেমন সুযোগ ছিল তাঁরা বিশ্বনাথের সুরক্ষা প্রার্থনা করে মোগলসরাই স্টেশন পেরিয়ে চলে যাবার সিদ্ধান্ত নিল, আর যাঁরা অত ভাগ্যবান নয়, তাঁরা চলল ছেড়ে আসা গ্রামে । বাংলা ভাষায় একটা নতুন শব্দ রাতারাতি স্থান পেয়ে গেল — ইভাকুয়েশন । হাওড়া এবং শিয়ালদহ স্টেশনে 'পোর্টার' রারেট বাড়িয়ে রাতারাতি বড়লোক হয়ে গেল । গুজব রটাল জাপানিদের কাজকর্ম যাচাই করতে কিছু জার্মান এবং ইটালিয়ানও যথাসময়ে হাজির হবে । শিলনোড়া থেকে আরম্ভ করে তোলা উনুন বাসনপত্র কী না ছিল আমাদের লাগেজে । বনগাঁ লোকালের কোনও কামরায় তখন তিল ধারণের স্থান নেই ।

(a) কোন ঘটনার জন্য হাওড়াতে উত্তেজনা দেখা যায় ?

(b) ঘটনার তদন্তের জন্য কেউ কেউ কোথায় গিয়েছিল ?

(c) কলকাতাবাসীরা নিজেকে বাঁচাবার জন্য কী করতে লাগলো ?

(d) কোন শব্দটি তখন রাতারাতি বাংলা ভাষায় স্থান পেয়ে গেল ?

(e) 'শিলনোড়া' পদটির ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করো ।


Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From :http://cbseportal.com/

**3.** নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও । *1×5=5*

সবাইকে বিদায় জানিয়ে অন্ধকারের মধ্যে হেডটর্চের আলোয় পথ চিনে চলা । ওপর থেকে পিছন ফিরে তাকালে দেখা যাচ্ছে নীচে বেসক্যাম্প এলাকা । বিভিন্ন তাঁবুতে আলো জ্বলছে । সব জায়গা সৌরবিদ্যুতের ব্যবস্থা, বড় বড় দলের জেনারেটরও আছে । অনেকটা জায়গা জুড়ে আলোয় চাঁদোয়া টাঙানো আছে যেন । চেনা পথ, তাই ন'টার মধ্যেই পৌঁছে গেলাম ক্যাম্প-1 । অল্প জল-বিস্কুট-চকোলেট খাওয়া, ফের চলা । ঘন্টা দুয়েকের মধ্যেই পৌঁছলাম ক্যাম্প-2 । ক্যাম্প-2এ ঢোকার ঠিক আগেই এক মেক্সিকান মহিলা জুমের ক্যান নিয়ে এগিয়ে এলেন । বেসক্যাম্পে পরিচয় হয়েছিল । শুধু সেইটুকুই পরিচয়ে এমন জায়গাতেও ভালবাসার হাত বাড়িয়েছেন তিনি । বুদ্ধি আগেই ক্যাম্প-2 তে পৌঁছেছে । যাওয়া মাত্রই গরম ট্যাং জুস পাওয়া গেল । তারপর চা । যত বেশি তরল শরীরে যাবে তত তাড়াতাড়ি চাঙ্গা হয়ে উঠবে শরীর সুস্থ থাকবে । এরপর তাঁবুতে অল্প বিশ্রাম নিয়েই লাঞ্চ । ভাত ডাল আর ডিমের কারি ।

(a) লেখক অন্ধকারে কীসের সাহায্যে পথ চিনে চললেন ?

(b) সব তাঁবুতে কীভাবে আলোর ব্যবস্থা হয়েছে ?

(c) ক্যাম্প-2 তে প্রবেশের সময় কে, কীভাবে লেখককে আপ্যায়ন করেন ।

(d) ক্যাম্প-2 তে লেখক কী কী তরল বস্তু পান করলেন এবং কেন ?

(e) বিশ্রাম শব্দটির বিপরীতার্থক শব্দ লেখো ।


Downloaded From :http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

## SECTION B

## নির্মিতি (রচনা)

## Writing (Composition)

**4.** বর্ষায় ভিজে দুর্গোৎসব দেখার অভিজ্ঞতা জানিয়ে বন্ধুকে একটি পত্র লেখো । *1×5=5*

**অথবা**

মাধ্যমিক পরীক্ষার আগে বেশ কিছুদিন পরীক্ষার চিন্তায় তুমি অত্যন্ত কাতর হয়েছিলে । পরীক্ষা দিয়ে এখন তুমি নিশ্চিন্ত । একথা জানিয়ে মা-কে একটি চিঠি লেখো ।

**5.** যেকোন ***একটি*** বিষয় অবলম্বনে অনুচ্ছেদ রচনা করো । *1×5=5*

(a) মোবাইল ফোন – ইন্টারনেট ও বর্তমান ছাত্র সমাজ ।

(b) বিদ্যালয় স্তরে মাতৃভাষা শিক্ষার প্রয়োজনীয়তা ।

(c) তোমার প্রিয় খেলা

## SECTION C

## ব্যাকরণ

## (Grammar)

**6.** সন্ধি অথবা সন্ধি বিচ্ছেদ করো । (***পাঁচটি***) *1×5=5*

(a) নিঃ+অবধি

(b) পুনঃ+আগমন

(c) কৃষ+তি

(d) সঞ্চয়

(e) ভাস্কর

(f) সম্+বাদ

(g) চার+টি



Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From :http://cbseportal.com/

**7.** ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো । ( ***পাঁচটি*** ) *1×5=5*

(a) পথঘাট

(b) হাটেবাজারে

(c) হাতঘড়ি

(d) উপবন

(e) যথারীতি

(f) সুখসাগর

(g) বাপমা

**8.** নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো । ( ***পাঁচটি*** ) *1×5=5*

(a) ছেলেটি বুদ্ধিমান কিন্তু খুব ফাঁকিবাজ । (সরল বাক্যে)

(b) বর্ষাকালে গরম হয় না । (জটিল বাক্য)

(c) একথা না শুনলে বিপদে পড়বে । (যৌগিক বাক্যে)

(d) সকালে গেলাম পুলিশে খবর দিতে । (জটিল বাক্যে)

(e) সমুখের ঘড়িতে তিনটা বাজিতে উঠিয়া দাঁড়াইল । (যৌগিক বাক্যে)

(f) পাগলটা থান ইট তুলে নিল আর বাসের দিকে ছুঁড়ে মারল । (সরল বাক্যে)

(g) খুব গরম তবে ঘরটি ঠান্ডা । (সরল বাক্যে)


Downloaded From :http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From :http://cbseportal.com/

**9.** নির্দেশ অনুযায়ী সাধু বা চলিত ভাষায় পরিবর্তন করো । (*পাঁচটি*) *1×5=5*

(a) সন্ন্যামী অবিনাশবাবুকে দেখে হাসলেন আর চলে গেলেন । (সাধু ভাষায়)

(b) ভারতীয় ভোজনশালায় এই জিনিশগুলি থাকিবেই এবং ব্যবহারও হইবে । (চলিত ভাষায়)

(c) সরকারের দপ্তর থেকে নোটিশএল যে বন্ধুটির বদলি হয়েছে । (সাধু ভাষায়)

(d) সব চূর্ণ হইয়া গেল, জ্বলিয়া গেল আগুনে সে কথা কে বুঝিবে ? (চলিত ভাষায়)

(e) ওর রাস্তা আটকে দাঁড়িয়ে গেলাম, যেতে দেবেনো । (সাধু ভাষায়)

(f) আর পনের মিনিট পরে দুইটা বাজিলে ট্রেন ছাড়িবে । (চলিত ভাষায়)

## SECTION D

## সাহিত্য ও সহায়ক পাঠ

**(Literature & Supplementary Reader)**

**10.** 'একজন বিরাগী সন্ন্যাসী হয়ে টাকা-ফাকা কী করে স্পর্শ করি বল ? তাতে যে আমার ঢং নষ্ট হয়ে যায় ।'

(a) উক্তিটি কোন্ রচনা থেকে নেওয়া ? লেখক কে ?

(b) কে কাদের প্রতি এই উক্তি করেছেন ?

(c) 'বিরাগী' শব্দের অর্থ কী ? 'ঢং নষ্ট হয়ে যায়' বলতে বক্তা কী বোঝাতে চেয়েছেন ? *1+1+3=5*

**অথবা**


Downloaded From :http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From :http://cbseportal.com/

'আমি চুপ করে রইলাম, কী আর বলব ! সত্যিই অন্যায় কাজ করেছেন ।'

(a) উক্তিটি কোন রচনার, লেখক কে ?

(b) বক্তা কে ? কে অন্যায় কাজ করেছেন ?

(c) অন্যায় কাজটি কি – আলোচনা করো ।

**11.** 'অর্থাৎ নতুন করে লিখেছেন নিজের পাকা হাতে কলমে' — প্রসঙ্গসহ ব্যাখ্যা লেখো । *5*

**অথবা**

'অমৃতের মতো ছেলে পেলে আমি একুশজনকেও পালন করতে রাজি আছি ।'

**12.** সঠিক উত্তরটি বেছে লেখো (MCQ) (***পাঁচটি***) *1×5=5*

(a) অবিনাশবাবু হলেন আলোবাবুর –

(i) ভাগনীর বন্ধুর শ্বশুর

(ii) ভগনীর বন্ধুর মামা

(iii) ভাইঝির বন্ধুর শ্বশুর

(b) আলোবাবু ঘড়িতে দম দিতেন ঠিক –

(i) আটটার সময়

(ii) ন'টার সময়

(iii) দশটার সময়

(c) জামা অদল-বদলের বুদ্ধি কার মাথায় এসেছিল ?

(i) ইসাবের

(ii) অমৃতের

(iii) ইসাবের স্কুলের বন্ধুর



Downloaded From :http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From :http://cbseportal.com/

(d) ‘অদল-বদল’ গল্পের লেখক হলেন –

(i) সুবোধ ঘোষ

(ii) আশাপূর্ণা দেবী

(iii) পান্নালাল প্যাটেল

(e) সন্ন্যাসীর ঝোলাতে জগদীশবাবু কত টাকা ফেলেছিলেন

(i) পাঁচশ টাকা

(ii) দুশো টাকা

(iii) একশ টাকা

(f) তপন গল্পলেখার জন্য উঠে যায় –

(i) তিনতলার সিঁড়িতে

(ii) তিনতলার ছাতে

(iii) তিনতলায় বসার ঘরে

(g) বাস-ড্রাইভার চরিত্রটি কে আমরা পাই –

(i) ‘আলোবাবু’ গল্পে

(ii) ‘বহুরূপী’ গল্পে

(iii) ‘অদল-বদল’ গল্পে

**13.** ব্যাখ্যা লেখো । *5*

শক্ত সবুজ গাঁ ভেসেছে তিনপাহাড়ের কোলে ।

**অথবা**

আমাদের পথ নেই আর

আয় আরো বেঁধে বেঁধে থাকি ।



Downloaded From :http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From :http://cbseportal.com/

14. তোমার পানি আর আমার জল
জীবনের জন্যে
একসঙ্গে একাকারে ভ'রে নিই ।

(a) পংক্তিটি কোন্ কবিতার, কবি কে ?

(b) 'পানি' ও 'জল' শব্দ দুটির মধ্যে কবি কী ইঙ্গিত দিয়েছেন ? জীবনের জন্যে কবি তা কীভাবে ভরতে চান ? *2+3=5*

**অথবা**

'গান তো জানি একটা দুটো
আঁকড়ে ধরে সে-খড় কুটো
রক্ত মুছি শুধু গানের গায়ে'

(a) কোন্ কবিতার অংশ, কবি কে ?

(b) গানকে কবি কীভাবে ব্যবহার করতে চান ? 'রক্ত মুছি শুধু গানের গায়ে' কথার অর্থ স্পষ্ট করো ।

15. 'তুমি বাঁদী হবার যোগ্য নও, আমি তোমায় বেগম করব, তুমি চিরদিন আমার কাছে বসে এই গান গাইবে ।'

(a) কোন গল্পে কার উক্তি ?

(b) কে, কার বাঁদী হবার যোগ্য নয় ?

(c) বক্তা কেন তাঁকে বেগম করতে চান ? লেখো । *1+1+3=5*

**অথবা**

'প্রভু, আমার মা ছিলেন, এখন মা-ও নেই, আমায় আশ্রয় দাও ।'

(a) উক্তিটি কোন্ গল্পের ? লেখক কে ?

(b) কে, কার কাছে আশ্রয় চাইছে ?

(c) বক্তার এই প্রার্থনার পর কী হলো লেখো ।


Downloaded From :http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

**16.** একটি বাক্যে উত্তর দাও । (*পাঁচটি*) *1×5=5*

(a) সূর্যমন্দিরে পিতলের প্রদীপটির ওজন কত ছিল ?

(b) ব্রাহ্মণ দেবাদিত্য কে ছিলেন ?

(c) ভীলদের রাজার নাম কী ?

(d) কতদিন পর্যন্ত ভীল প্রজারা রাজপুতদের অত্যাচার সহ্য করতো ?

(e) কোন্ দিনটি রাজপুতদের কাছে বড় আনন্দের দিন ?

(f) কে বাপ্পাকে ভবানীর খাঁড়া দিয়েছিলেন ?

(g) নাগাদিত্যের খবর পাওয়ার নাগাদিত্যের মহিষী বাপ্পাকে নিয়ে কোথায় বেড়াচ্ছিলেন ?



Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE